

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.০৬৯.০০.০০.০৪৯.২০১১- ৪৭

তারিখঃ ১২ মাঘ ১৪২২  
২৫ জানুয়ারি ২০১৬

বিষয়ঃ বদলি/পদায়ন প্রসংগে।


- সূত্রঃ (১) সেবা পরিদপ্তরের স্মারক নং-ডিএনএস/শা-২/১ন-৭০/৯০/৭৮৮৩, তারিখঃ ২৩-১১-২০১৫ খ্রি।  
(২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.১৫৮.০২৮.০০.০১৫.২০১১-০৫, তারিখঃ ০৬-০১ ২০১৩ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে ১ নং সূত্রে বর্ণিত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয়ের ২নং সূত্রে বর্ণিত স্মারকে সেবা পরিদপ্তরাধীন ডেপুটি নার্সিং সুপারিনিটেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট পাবলিক হেল্প নার্স, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্ট্রাক্টর, ইনস্ট্রাক্টর ও নার্সিং সুপারভাইজার পদে মন্ত্রণালয়ের পূর্ব অনুমোদন ব্যতিত কোনে বদলি/পদায়ন না করার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। তবে জরুরি প্রয়োজনে যৌক্তিকভাবে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণেরও নির্দেশনা রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এ নির্দেশনা সেবা পরিদপ্তর কর্তৃক যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না।

২। সেবা পরিদপ্তরের বিদ্যমান ১৯৭৭ সালের নিয়োগ বিধি অনুযায়ী প্রশাসনিক কর্মকর্তা পদে নিয়োগ/পদায়নের জন্য ফিডার পদ প্রধান সহকারী এবং উচ্চমান সহকারী। উক্ত পরিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা পদে নিজ বেতনে পদায়নকৃত জন্য মোঃ আরমান হোসেন ভুঁঞ্চি এর তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় তিনি নিয়মান সহকারী থেকে ০১-০৬-১৯৮৯ খ্রি তারিখে ঘৌট মুদ্রাক্ষরিক পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে যোগদান করেন। ৩০-১১-২০০৬ খ্রি তারিখে তাঁকে সম-ক্লে উচ্চমান সহকারী পদে বদলি করা হয়। ঘৌট-মুদ্রাক্ষরিক পদে থেকে সমক্লে উচ্চমান সহকারী পদে বদলি করা হলেও তিনি উচ্চমান সহকারী হিসাবে গণ্য নয়। তাঁর মূল পদ ঘৌট-মুদ্রাক্ষরিক। নিয়োগ বিধি অনুযায়ী ঘৌট-মুদ্রাক্ষরিক পদ থেকে প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি/পদায়নের সুযোগ নেই।

৩। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) নার্সিং সুপারভাইজার এবং তদুক্ত পদে বদলি/পদায়নের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২ নং সূত্রে বর্ণিত স্মারকের নির্দেশনা/অনুশাসন কঠোরভাবে অনুসরণ করা;  
(খ) মন্ত্রণালয়ের পূর্বানুমোদন ব্যতিত ইতোমধ্যে নার্সিং সুপারভাইজার এবং তদুক্ত পদে যে সব বদলি/পদায়ন করা হয়েছে তার তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ; এবং  
(গ) ‘প্রশাসনিক কর্মকর্তা’ পদে দায়িত্ব প্রদানের ক্ষেত্রে বিদ্যমান নিয়োগ বিধি ও প্রশাসনিক কর্মকর্তা পদের ফিডার পদ অনুসরণ।

  
( মোঃ গোলাম রহমান )  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৭৭৯

উপ-পরিচালক, শিক্ষা (ভারপ্রাপ্ত)

সেবা পরিদপ্তর

শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন

শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথে):

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
২। পরিচালক (সকল), মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল - - - - -  
৩। পরিচালক, সেবা পরিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।  
৪। সিভিল সার্জন (সকল), - - - - -  
৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।  
৬। সিটেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।  
৭। অতিরিক্ত সচিব (শংখলা ও নার্সিং)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।